

প্রস্তাবিত মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের
রূপরেখা প্রণয়নের জন্য গঠিত ২৭
সদস্যের ওয়ার্কিং কমিটি আর কয়েক
দিনের মধ্যে সরকারের কাছে তাদের
রিপোর্ট পেশ করবেন। গতকাল তাদের
চূড়ান্ত বৈঠক অনুষ্ঠিত হয়েছে। কমিটি
ইতিপূর্বে একাধিকবার বৈঠকে মিলিত
হয়ে রূপরেখার খসড়া তৈরি করেছে।
প্রস্তাবিত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত
(শেষ পৃঃ ৮-এর কঃ চঃ)

!! আবদুল্লাহ আল মামুন !!

প্রস্তাবিত মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের
রূপরেখা প্রণয়নের জন্য গঠিত ২৭
সদস্যের ওয়ার্কিং কমিটি আর কয়েক
দিনের মধ্যে সরকারের কাছে তাদের
রিপোর্ট পেশ করবেন। গতকাল তাদের
চূড়ান্ত বৈঠক অনুষ্ঠিত হয়েছে। কমিটি
ইতিপূর্বে একাধিকবার বৈঠকে মিলিত
হয়ে রূপরেখার খসড়া তৈরি করেছে।
প্রস্তাবিত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত
(শেষ পৃঃ ৮-এর কঃ চঃ)

মেডিক্যাল ভার্টিসিটি

(প্রথম পৃষ্ঠার পর)

হলে দেশের সকল মেডিক্যাল ও
ডেন্টাল কলেজ, পোস্ট গ্রাজুয়েশন
ইনস্টিটিউট এবং নার্সিং মহাবিদ্যালয়
স্বায়ত্তশাসন পাবে। এই প্রতিষ্ঠানগুলি
বিশ্ববিদ্যালয়ের অঙ্গ প্রতিষ্ঠান বলে
পরিগণিত হবে। প্রতিষ্ঠানগুলি
পরিচালনার জন্য একটি স্থানীয়
ম্যানেজমেন্ট কমিটি থাকবে।
প্রতিষ্ঠানের অধ্যক্ষ এই কমিটির
সদস্য সচিব হবেন এবং একজন
বিশিষ্ট অধ্যাপককে এই কমিটির
সভাপতি করা হবে। এছাড়া
চিকিৎসকদের অন্যান্য প্রতিনিধি
থাকবে এবং স্থানীয় গণমান্য ব্যক্তির
দানের মাধ্যমে এই কমিটির অন্তর্ভুক্ত
কমিটি নতুন বিশ্ববিদ্যালয়-এর
জন্য পরিত্যক্ত ইসলামী বিশ্ববিদ্যালয়ের
ক্যাম্পাসকে যথোপযুক্ত বলে বিবেচনা
করেছে এবং এ ব্যাপারে সরকারের
ক কাছে প্রস্তাব পেশ করবে। উল্লেখ্য, গত
২৪শে এপ্রিল বাংলাদেশ মেডিক্যাল
শিক্ষক সমিতি ফেডারেশনের তৃতীয়
জাতীয় সম্মেলনে প্রধানমন্ত্রী বেগম
খালেদা জিয়া দেশে একটি মেডিক্যাল
বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ঘোষণা দেন।
এই ঘোষণার পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য
মন্ত্রণালয়ের নির্দেশে স্বাস্থ্য মহা-
পরিচালককে সভাপতি করে ২৭
সদস্যের একটি কমিটি তৈরী হয়।
কমিটি পরবর্তীতে ২টি উপকমিটি
তৈরী করে।

প্রফেসর আবদুল বায়েস ভূঁইয়ার
নেতৃত্বে গঠিত উপকমিটিকে বিশ্ব-
বিদ্যালয় অধ্যাদেশমালা প্রণয়নের এবং
প্রফেসর গোলাম রসূলের নেতৃত্বে
গঠিত উপকমিটিকে বিশ্ববিদ্যালয়ের
প্রেক্ষাপট এবং যৌক্তিকতা নির্ধারণের
দায়িত্ব দেওয়া হয়। উপকমিটি দুটি
সুষ্ঠুভাবে তাদের কাজ সম্পন্ন করেছে
বলে জানা গেছে।